

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯১৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫. দ্বিতীয় অনুচ্ছেদ - তাশাহুদ

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الرَّكْعَتَيْنِ الْأُولَيَيْنِ كَأَنَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الرَّكْعَتَيْنِ الْأُولَيَيْنِ كَأَنَّهُ عَلَى الرَّضِيْفِ حَتَّى يَقُومَ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ وَالنَّسَائِيُّ

বাংলা

৯১৫-[১০] 'আবদুল্লাহ ইবনু মাস্'ঊদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রথম দু' রাক্'আতের পরের বৈঠক হতে এত তাড়াতাড়ি উঠে দাঁড়াতেন, মনে হতো যেন কোন উত্তপ্ত পাথরের উপর বসেছেন। (তিরমিযী, আবূ দাউদ ও নাসায়ী)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৯৯৫, তিরমিয়ী ৩৩৬, নাসায়ী ১১৭৬। কারণ আবূ 'উবায়দাহ্ তার পিতা ইবনু মাস্'উদ (রাঃ) থেকে শ্রবণ করেননি। তবে আলবানী (রহঃ) বলেনঃ তার রাবীগণ বিশ্বস্ত। অতএব হাদীসের সানাদটি সহীহ যদি মুনকৃতি না হয়।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূল সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লাম চার রাক্'আত ও তিন রাক্'আত বিশিষ্ট সালাতে প্রথম বৈঠকে বসতেন।

এর দ্বারা প্রথম বৈঠক হালকা করা এবং দ্রুত দাঁড়ানো উদ্দেশ্যের প্রতি ইঙ্গিত করা হয়েছে

ইমাম তিরমিয়ী বলেন, এটা 'উলামাগণের 'আমল প্রথম বৈঠক লম্বা করতেন না আর তাশাহুদের পরে অন্য কোন দু'আ পড়তেন না; যদি অতিরিক্ত পড়ে তাহলে সাহু সিজদা (সিজদা/সেজদা) দিবে। শা'বী হতে অনুরূপ বর্ণিত হয়েছে। ইমাম আবূ হানীফাহ্ এটা পছন্দ করেছেন। আর ইমাম শাফি'ঈ বলেছেন, দরূদ পড়লে কোন সমস্যা নেই।



আমি (ভাষ্যকার) বলি, তাশাহুদের উপর অতিরিক্ত দু'আ পড়ার দরকার নেই আর যদিও পড়ে তাহলে সাহু সাজদার প্রয়োজন নেই, কারণ এ ব্যাপারে কোন দলীল নেই।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন